

Telephone conversation between Prime Minister and Prime Minister of Mauritius

May 23, 2020

প্রধানমন্ত্রী এবং মরিশাসের প্রধানমন্ত্রীর মধ্যে টেলিফোনে বাক্যালাপ
মে 23, 2020

আজ প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী এবং মরিশাসের প্রধানমন্ত্রী মহামান্য প্রভিন্দ জগন্নাথের মধ্যে টেলিফোনে বাক্যালাপ হয়েছে।

আমফান ঘূর্ণী ঝড়ের কারণে ভারতের ক্ষয়ক্ষতির জন্য প্রধানমন্ত্রী জগন্নাথ তার সমবেদনা জানিয়েছেন। COVID-19 অতিমারির বিরুদ্ধে মরিশিয়ান স্বাস্থ্য অধিকর্তাদের সাহায্যের জন্য 'অপারেশন সাগর'-এর অংশ হিসেবে মরিশাসে ভারতীয় নৌবাহিনীর 'কেশরী' জাহাজে করে ওষুধ এবং 14 সদস্যের একটি মেডিক্যাল টিম প্রেরণ করার জন্য তিনি প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জ্ঞাপন করেছেন।

প্রধানমন্ত্রী ভারত এবং মরিশাসের মধ্যে জনগণের প্রতি জনগণের বিশেষ মৈত্রী বন্ধনের কথা স্মরণ করেছেন এবং বলেছেন যে, এই সংকট কালে ভারত তার মিত্রকে সাহায্য করার জন্য দায়বদ্ধ।

প্রধানমন্ত্রী, মরিশাসের প্রধানমন্ত্রীকে তার নেতৃত্বে কার্যকররূপে COVID-19 -এর মোকাবিলাকে শিখরে নিয়ে যাবার জন্য সাধুবাদ দিয়েছেন। যার ফলে বেশ কয়েক সপ্তাহ ধরে নতুন কোনো কোরোনা রুগীর সংবাদ নেই। তিনি পরামর্শ দিয়েছেন যে, মরিশাস সর্বোত্তম প্রামাণ্য তথ্যের অনুশীলন করতে পারে যাকিনা অন্যান্য দেশগুলি, বিশেষত দ্বীপ পুঞ্জ দেশগুলি যারা একই ধরনের স্বাস্থ্য সংকটের মোকাবিলা করছে, তাদের কাছে সাহায্যপ্রদ হতে পারে।

মরিশাসে আর্থিক ক্ষেত্রে সাহায্যের লক্ষ্যে পদক্ষেপ গ্রহণ এবং মরিশিয়ান যুবদের আয়ুর্বেদিক ওষুধের শিক্ষায় সক্ষম করা সহ বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা বৃদ্ধি করা নিয়ে দুই নেতার মধ্যে আলোচনা হয়েছে।

মরিশাসের জনগণের স্বাস্থ্য এবং কুশল আশা করে এবং দুই দেশের মধ্যে অন্যান্য উষ্ণ সম্পর্ক বজায় রাখার জন্য প্রধানমন্ত্রী তার শুভ কামনা জানিয়েছেন।

নিউ দিল্লি

23,2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.